আজি   মেঘ কেটে গেছে সকালবেলায়,
এসো এসো এসো   তোমার হাসিমুখে ।
এসো আমার অলস দিনের খেলায় ॥
স্বপ্ন যত জমেছিল আশা-নিরাশায়
তরুণ প্রাণের বিফল ভালোবাসায়
দিব   অকূল-পানে ভাসায়ে ভাঁটার গাঙের ভেলায় ।
দুঃখসুখের বাঁধন তারি গ্রন্থি দিব খুলে,
আজি ক্ষণেক-তরে মোরা রব আপন ভুলে ।
যে গান হয় নি গাওয়া   যে দান হয় নি পাওয়া–
আজি   পুরব-হাওয়ায় তারি পরিতাপ
উড়াব অবহেলায় ॥

---

Parjaay: Prakriti / Borsha, Taal: Kaharwa, Raag: Alahia-Bilabal
Visit www.geetabitan.com for notation and other detail